মিরাজকে জার্সি উপহার দিলেন কোহলি

ঢাকা টেস্টে তৃতীয় দিনের শেষ বিকেলে মিরাজের বলে আউট হয়েছিলেন ভারতের বিরাট কোহলি। আউট হয়ে সাজঘরে ফেরার পথে বাংলাদেশের উদযাপন পছন্দ হয়নি কোহলির। নিজের রাগ প্রকাশ করে ফিরে গিয়েছিলেন সাজঘরে। তবে ম্যাচ শেষে সেই কোহলি নিজের জার্সি উপহার দিলেন বাংলাদেশের অলরাউন্ডার মেহেদী মিরাজকে।

নিজের ১৮ নাম্বার জার্সিতে শুভকামনা জানিয়ে অটোগ্রাফ দিয়ে মিরাজের হাতে তুলে দেন কোহলি। কোহলির হাত থেকে জার্সি পাওয়ার মুহূর্ত নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট করে মিরাজ লিখেন, ‘অন্যতম সেরা ক্রিকেটার বিরাট কোহলির কাছ থেকে বিশেষ স্মারক।

বাংলাদেশ ৩ উইকেটে ম্যাচ হারলেও উজ্জ্বল ছিলেন মিরাজ। দ্বিতীয় ইনিংসে বল হাতে ৫ উইকেট নেন এই স্পিনার। এর আগে ভারতের ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজে ব্যাটে বলে অনবদ্য পারফরম্যান্স করে হয়েছিলেন সিরিজ সেরা।

সূত্রঃ ইত্তেফাক

বিশ্বাসের সঙ্গে লড়ে যাচ্ছেন পেলে, বললেন মেয়ে

পরশু রাতে আরো একবার গুঞ্জন ছড়িয়ে পড়ে, মারা গেছেন পেলে। তবে সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে পড়া এই গুঞ্জন উবে যেতেও সময় লাগেনি। গুজবটিকে গুজব প্রমাণ করে ব্রাজিল কিংদন্তির মেয়ে কেলি ক্রিস্তিনা নাসিমেন্তো বলেছেন, তার বাবা পেলে ভালো আছে। বিশ্বাসের সঙ্গে লড়াই করে যাচ্ছেন।

বাবার সঙ্গে একটি রাত কাটিয়েছেন কেলি। এ সময় বাবার সঙ্গে একাধিক ছবিও তুলেছেন তিনি। সেসব ছবি সামাজিক যোগাযোগের মাধ্যমে পোস্টও দিয়েছেন। ছবিতে দেখা যাচ্ছে, বাবা পেলের বুকের উপর শুয়ে আছেন মেয়ে কেলি। ঐ ছবিরই ক্যাপশনে কেলি লেখেন, ‘আমরা এখনো হাসপাতালে। মনের বিশ্বাসের সঙ্গে লড়াই চালিয়ে যাচ্ছি। একসঙ্গে আরো একটি রাত।’ কেলির ছবিটি পোস্ট করে ফ্রান্সভিত্তিক বিশ্বখ্যাত সংবাদ সংস্থা এএফপি জানিয়েছে, ব্রাজিল কিংবদন্তি পেলে এখনো সাও পাওলোর আলবার্ট আইনস্টাইন হাসপাতালে ভর্তি আছেন।

গত সেপ্টেম্বরে মলাশয়ের টিউমারের অস্ত্রোপচার করার পর কেমোথেরাপি নিয়ে আসছিলেন। কিন্তু গত ২৯ নভেম্বর হঠাত্ই তার শারীরিক অবস্থার চরম অবনতি ঘটলে দ্রুতই তাকে হাসপাতালে নেওয়া হয়। তার শরীর এতটাই খারাপ হয় যে, কেমোথেরাপি কাজ করছিল না। সেই থেকেই হাসপাতালের বিছানায় বন্দি তিনি। এর মধ্যে ঘটে গেছে অনেক কিছু। এমনকি দুবার বিশ্ব জুড়ে ছড়িয়ে পড়ে তার মৃত্যু সংবাদ। প্রথম বার এই গুঞ্জন ছড়িয়ে পড়ে কাতার বিশ্বকাপ চলাকালে। পরে তার মেয়ে এই কেলিই নিশ্চিত করেন, তার বাবা বেঁচে আছেন। তার বোন ফ্লাভিয়া আরান্তেসও নিশ্চিত করেন, তার বাবার মৃত্যু সংবাদটি গুজব। গত পরশু আবার সামাজিক যোগাযোগের মাধ্যমে তিন বারের বিশ্বকাপজয়ী পেলের মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়লে এবারও তা গুজব বলে প্রমাণিত।

সূত্র: ইত্তেফাক

চার ব্যাটারকে ফিরিয়ে আশা দেখাচ্ছে বাংলাদেশ

ঢাকা টেস্টে বাংলাদেশের দেওয়া ১৪৫ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৪ উইকেট হারিয়েছে ভারত। প্রথম ইনিংসে বাংলাদেশের করা ২২৭ রানের জবাবে ৮৭ রানের লিড নেয় ভারত। দ্বিতীয় ইনিংসে বাংলাদেশ ২৩১ রানে অল আউট হলে ১৪৫ রানের টার্গেট পায় ভারত। তৃতীয় দিনের শেষ দিকে ব্যাট করতে নামলে ভারতের চার ব্যাটারকে সাজঘরে ফেরায় বাংলাদেশ। জয়ের জন্য ভারতের প্রয়োজন ১০০ রান।

এরপর শিবমন গিল ও অক্ষর প্যাটেল মিলে শুরু চাপ সামাল দেওয়ার চেষ্টা করেও ব্যর্থ হন। দলীয় ২৯ বলে ফের উইকেট হারায় ভারত। ইনিংসের ১৪তম ওভারের মিরাজকে উইকেট ছেড়ে বেড়িয়ে এসে খেলতে গিয়ে স্ট্যাম্পিং হয়ে সাজঘরে ফিরে যান গিল। তার বিদায়ের পর ক্রিজে আসেন কোহলি।

এরপর দলীয় ৩৭ রানে কোহলিকে আউট করেন মিরাজ। ২২ বলে মাত্র ১ রান করে আউট হন তিনি। শেষ পর্যন্ত ৪ উইকেট হারিয়ে — রান সংগ্রহ করে তৃতীয় দিন শেষ করে ভারত। জয়ের জন্য ভারতের প্রয়োজন ১০০ রান। অক্ষর প্যাটেল ৫৪ বলে ২৬ ও উনাদকাত ৮ বলে ৩ রান করে অপরাজিত আছেন।

সূত্র: ইত্তেফাক

অবসর নিলেন ফ্রান্সের বিশ্বকাপ জয়ী তারকা

২০১৮ বিশ্বকাপ জয়ী ফ্রান্স দলের তারকা ব্লেইস মাতুইদি সব ধরনের ফুটবল থেকে অবসরের ঘোষনা দিয়েছেন। এক বছর আগে তিনি সর্বশেষ ফ্রান্স জাতীয় দলে খেলেছেন। চার বছর আগে ক্রোয়েশিয়ার বিপক্ষে বিশ্বকাপের ফাইনালে মূল একাদশে খেলেছিলেন ৩৫ বছর বয়সী মাতুইদি। এবারের মৌসুমে ইন্টার মিয়ামির স্কোয়াড থেকেও এই মিডফিল্ডার বাদ পড়েছেন। পিএসজির হয়ে মাতুইদি লিগ ওয়ানের ও জুভেন্টাসের হয়ে সিরি-এ শিরোপা জিতেছেন। এর আগে মাতুইদি সেইন্ট-এতিয়েন ও তুলসেতে খেলেছেন।

ফ্রান্সের হয়ে ৮৪টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন মাতুইদি। ২০১৯ সালে লেস ব্লুজদের হয়ে সর্বশেষ ম্যাচ খেলার আগে ৯টি গোল করেছেন। ইউটিউবে এক ভিডিও বার্তায় মাতুইদি বলেছেন, ‘পেশাদার ফুটবলার হিসেবে আমি ক্যারিয়ার শেষ করার ঘোষণা দিচ্ছি। ইউরোপের বিভিন্ন শীর্ষ ক্লাবে খেলার সুযোগ আমার হয়েছে। ফ্রান্সের জার্সি পড়েছি, পরিবারকে সর্বোচ্চ স্থান দিয়েছি, আবেগের সাথে জীবন কাটিয়েছি। আর এসব সাথে নিয়ে জীবনের বাকি সময়টা পার করে দিতে চাই।’

২০১৮ সালের বিশ্বকাপ জয়ী ফ্রান্স দলের প্রথম সদস্য হিসেবে মাতুইদি অবসরের ঘোষণা দিলেন। তিনি আরও বলেন, ‘আমার মস্তিষ্ক, আমার হৃদয় আমাকে জানিয়েছে এখানেই থেমে যেতে। একইসাথে আমাকে জানিয়েছে যারা আমার ঘনিষ্ঠ, আমার স্ত্রী, আমান সন্তান, তাদের সম্পর্কে চিন্তা করার সময় এসেছে। আমার মনে হয়ে অবসরের জন্য এর থেকে ভাল কোন সময় হতে পারেনা।’

সূত্র: ইত্তেফাক

গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড পেলেন লেভানদোভস্কি

২০২২ সালের গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড জিতলেন বার্সেলোনার স্ট্রাইকার রবার্ট লেভানদোভস্কি। বুধবার (২২ ডিসেম্বর) মোনাকোতে এক জমকালো অনুষ্ঠানে গোল্ডেন ফুট অ্যাওয়ার্ডটি তুলে দেওয়া হয় লেভানদোভস্কির হাতে।

শেষ মৌসুমে বায়ার্ন মিউনিখের হয়ে ৩৫টি গোল করেছিলেন এই পোলিশ স্ট্রাইকার। চলতি মৌসুমেও বার্সার হয়ে দারুণ ফর্মে আছেন লেভানদোভস্কি। লা লিগায় করেছেন ১৪ ম্যাচে ১৩ গোল। সদ্য শেষ কাতার বিশ্বকাপে খুব একটা আলো ছড়াতে পারেননি লেভানদোভস্কি। ফলে নক আউট পর্বে ফ্রান্সের কাছে হেরে বিশ্বকাপ থেকে বিদায় নেয় পোল্যান্ড। তবে সেই ব্যর্থতা ভুলে সেরা ছন্দে ফিরতে চান লেভানদোভস্কি।

অ্যাওয়ার্ড জিতে লেভানদোভস্কি বলেন, ‘আমি খুবই খুশি এবং একই সঙ্গে গর্বিত। যারা এই অ্যাওয়ার্ড জিতেছে তাদের নামের পাশে আমার নাম দেখে সত্যিই দারুণ লাগছে। গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড জেতা আমার জন্য অনেক বড় ব্যাপার। কারণ, আমি জানি আমি কী করেছি। এই অর্জনের পেছনে কত কষ্ট করতে হয়েছে। এই অ্যাওয়ার্ড আমার জন্য বিশেষ কিছু, আমার ক্যারিয়ারে বাড়তি মাত্রা যোগ করেছে।’

গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড দেয়া হয় এমন ফুটবলারদের, যারা তাদের

অর্জন ও ব্যক্তিত্ব দিয়ে ফুটবলে বিশেষ অবদান রেখেছেন। এই পুরস্কার দেওয়া হয়, যাদের বয়স নূন্যতম ২৮ বছর।

সূত্র: ইত্তেফাক

সাকিব-মমিনুলে ভরসা করেই লাঞ্চ বিরতিতে বাংলাদেশ

ভারতের বিপক্ষে সিরিজ বাঁচানোর লক্ষ্য নিয়ে মিরপুরে দ্বিতীয় টেস্টে মাঠে নেমেছে বাংলাদেশ। টস জিতে ব্যাটিংয়ে নেমে ভালো শুরুর পরও পরপর দুই ওপেনার হারিয়ে বিপদে পড়লেও সেখান থেকে বাংলাদেশকে পথ হারাতে দেননি সাকিব আল হাসান আর মমিনুল হক।

মিরপুরের শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয় বাংলাদেশ। ব্যাটিংয়ে নেমে বাংলাদেশের শুরুটা বেশ ভালো করেছিলো দুই টাইগার ওপেনার নাজমুল হোসেন শান্ত আর জাকির হাসান।

ভালো শুরুর পরও বেশিদূর দলকে টানতে পারেননি এই দুজন। দলীয় ৩৯ রানেই ফিরে যান জাকির। ব্যক্তিগত ১৫ রানে উনাদকাটের বলে আউট হয়ে সাজঘরের পথ ধরেন জাকির।

পরের ওভারেই প্যাভিলিয়নে ফেরেন আরেক ওপেনার শান্তও। ২৪ রান করে রবিচন্দ্রন অশ্বিনের বলে এলবিডব্লিউ হয়ে ফিরতে হয় এই ওপেনারকে। ৩৯ রানেই দুই উইকেট হারানোর পর দলের হাল ধরেন টাইগারদের সাবেক টেস্ট অধিনায়ক মমিনুল আর বর্তমান অধিনায়ক সাকিব মিলে।

দুজন মিলে দেখশুনে শুরু করে দল্কে এগিয়ে নিউয়ে যাচ্ছেন ধীরে ধীরে। দুজনের ৪৩ রানের জুটিতে লাঞ্চের আগে ২ উইকেটে ৮২ রান সংগ্রহ করে বাংলাদেশ। সাকিব অপরাজিত আছেন ১৬ রানে আর মমিনুল ২৩ রানে।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপের পর এখন অলিম্পিকে চোখ কাতারের

বিশ্বকাপের অন্যতম সেরা ও সফল একটি আসর আয়োজনের পর তেল সমৃদ্ধ মধ্যপ্রাচ্যের অন্যতম ধনী দেশ হিসেবে পরিচিত কাতার এখন ২০৩৬ অলিম্পিক আয়োজনের লক্ষ্য স্থির করতে যাচ্ছে। এর মাধ্যমে বিশ্ব ক্রীড়াঙ্গনে আবারও আলোড়ন সৃষ্টি করতে চায় কাতার।

কাতার বিশ্বকাপ চলাকালীন বেশ কিছু ইভেন্টের বিশ্ব চ্যাম্পিয়নশীপ আয়োজনের স্বত্ব পেয়েছে কাতার। ইতোমধ্যেই ২০২৫ বিশ্ব টেবিল টেনিস চ্যাম্পিয়নশীপ কাতারকে আয়োজন করতে বলা হয়েছে। এছাড়াও প্রথমবারের মত অনুষ্ঠিতব্য ২০২৪ সালের ওয়ার্ল্ড এনডুরেন্স চ্যাম্পিয়নশীপের আয়োজক হিসেবেও কাতারের নাম ঘোষণা করা হয়েছে।

যদিও আগামী কয়েক বছর বেশ কয়েকটি ক্রীড়া ইভেন্টের আয়োজক হিসেবে কাতার বেশ ব্যস্ত সময় কাটাবে। এর মধ্যেই ২০২৩ সালে আবারো কাতারে ফিরতে যাচ্ছে ফর্মুলা ওয়ান। বিশ্বকাপকে সামনে রেখে অবকাঠামোগত উন্নতিতে কাতারের বিখ্যাত রেস ট্র্যাকটিকেও সংষ্কার করা হয়েছে। করোনার কারণে ২০২৩ এশিয়ান কাপ ফুটবল আয়োজনে চায়না অপরাগতা জানালে কাতার সেই সুযোগ লুফে নেয়। ২০২৪ বিশ্ব সাঁতার চ্যাম্পিয়নশীপও অনুষ্ঠিত হবে কাতারে।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (আইওসি) সাবেক মার্কেটিং প্রধান মাইকেল পেইন বলেছে্ এই ধরনের বড় ক্রীড়াযজ্ঞ আয়োজন যেকোন দেশের জন্যই শক্তিশালী একটি গেম চেঞ্জিং উপাদান হিসেবে ব্যবহৃত হতে পারে। যদিও বিশ্বকাপ শুরুর আগে অভিবাসী শ্রমিকদের অধিকারের বিষয়টি নিয়ে কাতারের কম সমালোচনা হয়নি।

ফিফা সভাপতি জিয়ান্নি ইনফ্যান্তিনো অবশ্য বারবারই বলেছেন, কাতারে হতে যাচ্ছে সর্বকালের সেরা বিশ্বকাপ। প্রতিটি দেশের ফেডারেশনগুলোও কাতারের আয়োজনের ভূয়সী প্রশংসা করেছে।

২০২৫ সালে ২০৩৬ অলিম্পিক আয়োজকের নাম ঘোষণা করা হবে। এর আগে ২০১৬, ২০২০ ও ২০৩২ অলিম্পিকের বিডে অংশ নিয়েছিল কাতার। কয়েকটি

নিরীক্ষায় দেখা যায় বিশ্বকাপ আয়োজক হিসেবে স্বত্ব পাওয়ায় এতদিন কাতারকে অলিম্পিকের বিডে সফল হতে দেয়া হয়নি।

সূত্র: ইত্তেফাক

বিশ্বজয় করে দেশে ফিরলেন মেসিরা

এক অপেক্ষা শেষে আরেক অপেক্ষা। আর্জেন্টিনার ৩৬ বছর অপেক্ষার শেষ করে বিশ্বকাপের শিরোপা এনে দিয়েছেন লিওনেল মেসিরা। এবার বিশ্বজয়ের সেই নায়কদের বরণের অপেক্ষায় ছিলো লাতিন দেশটির লাখ লাখ জনতা। ফুরোলো সেই অপেক্ষাও। অবশেষে আর্জেন্টিনার মাটিতে পা রেখেছেন বিশ্বজয়ী মেসি-স্কালোনিরা।

বিশ্বজয়ী নায়কদের বরণ করে নিতে আর্জেন্টিনার রাজধানী বুয়েন্স আয়ার্স এখন উৎসবের রজনী। শুধু এখন বললে ভুল হবে, আর্জেন্টিনায় উৎসব চলছে গত দুইদিন ধরেই। মেসিদের বিশ্বকাপ জয় উদযাপন উপলক্ষ্যে সাধারণ ছুটিও ঘোষণা করা হয়েছে একদিনে।

স্থানীয় সময় মঙ্গলবার ভোরে মেসিদের বহনকারী বিমানটি আর্জেন্টিনার মাটিতে অবতরণ করে। কাতারের দোহা থেকে ইতালির রোম হয়ে বুয়েন্স আয়ার্সে পৌঁছায় বিশ্বজয়ী আর্জেন্টিনা দল।

দেশের মাটিতে অবতরণের আধাঘণ্টা পর বিমান থেকে নামতে শুরু করে বিশ্বজয়ী ফুটবলাররা। বিশ্বকাপের সোনালি ট্রফি হাতে নিয়ে সবার আগে বিমানের বাইরে বেস্রিয়ে আসেন আর্জেন্টিনার বিশ্বজয়ের নায়ক লিওনেল মেসি।

অধিনায়কের হাতে পরম আরাধ্য আর স্বপ্নের সেই বিশ্বকাপ ট্রফি। বিমান থেকে বের হওয়ার সময় মেসি ডানহাতে উঁচিয়ে ধরেন সেই সোনার ট্রফি। এই দৃশ্য দেখে মেসিদের বরণ করে নিতে অপেক্ষারত ভক্তরা উল্লাসে ফেটে পড়েন। বিজয়ের ধ্বনি তুলে প্রকম্পিত করে তোলে পউরো বুয়েন্স আয়ার্স।

বিমান থেকে ব এর হয়ে আসার সময় মেসির পাশে ছিলেন আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ের পেছনের কারিগর কোচ লিওনেল স্কালোনি। তার পেছনেই একে একে বেরিয়ে আসেন বিশ্বজয়ী তারকারা। এরপর সবাই মিলে ওঠেন তাদের জন্য অপেক্ষারত চ্যাম্পিয়ন বাসে।

বুয়েন্স আয়ার্সের রাস্তায় সেই বাসের যাত্রাপথে মেসিদের অভ্যর্থনা জানাতে অপেক্ষায় ছিলো লাখো ভক্ত। বিশ্বচ্যাম্পিয়নদের দেখেই জাতীয় পতাকা নেড়ে আর স্লোগানে স্লোগানে মুখর হয়ে ওঠে ভক্তরা।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপ ছোঁয়া মেসির ছবি দিয়ে শুভেচ্ছা বন্ধু নেইমারের

৩৬ বছরের অপেক্ষা শেষ করে বিশ্বকাপের মুকুট মাথায় তুলেছে আর্জেন্টিনা। উৎসবের আবহে এখন রঙিন আলবিসেলেস্তারা। মুদ্রার ঠিক উল্টোপিঠে ব্রাজিলের হতাশা বেড়ে বিশ্বকাপের সঙ্গে দূরত্ব এখন ২০ বছরে এসে পৌঁছেছে। চিরপ্রতিদ্বন্দ্বীরা যে আসরে শিরোপা জিতে উল্লাসে মাতোয়ারা, সে আসরেই কোয়ার্টার ফাইনাল থেকে বাদ ব্রাজিল।

আর্জেন্টিনাকে যেমন পথ দেখিয়ে শিরোপার ঠিকানা পাইয়ে দিয়েছেন মেসি, অন্যদিকে প্রাণপণ চেষ্টা করেও ব্রাজিলকে নিয়ে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি নেইমার। নিজে ছিটকে গেছেন, রয়েছে হতাশা। তবে বন্ধুর বিশ্বজয়ের আনন্দ যেন ঠিকই ছুঁয়ে গেলো সেলেসাও প্রাণভোমরা নেইমারকে।

মেসি-নেইমারের বন্ধুত্বের শুরু সেইও বার্সেলোনায় থাকার সময় থেকেই, জাতীয় দলে চিরপ্রতিদ্বন্দ্বী হলেও দুই মহাতারকার বন্ধুত্ব যেন অন্যদের যেন উদাহরণ। এবার সেই বন্ধুর বিশ্বকাপ জয়ের ছবি টুইট করেই বন্ধুর প্রতি ভালোবাসাটাও জানিয়ে দিলেন নেইমার।

বিশ্বকাপ জয়ের পর থেকেই মেসি বন্দনায় মেতেছে সারা বিশ্ব। মেসির

বিশ্বকাপ ছুঁয়ে দেখার ফ্রেমবন্দি ছবি টুইট করে সেই বন্দনায় সামিল হয়েছেন নেইমারও। সেই টুইটে মেসির প্রতি শুভেচ্ছাও জানিয়েছেন নেইমার। বলেছেন, তোমার হাতে এই ট্রফিটা উঠুক… সেটি বন্ধু হয়ে আমিও চেয়েছিলাম।

আর্জেন্টিনার অপেক্ষার শেষ নাকি ফ্রান্সের ইতিহাস?

৩৬ বছরের অপেক্ষা আরাধ্য এক শিরোপার জন্য। অবশেষে কি ফুরোতে চলেছে সেই অপেক্ষা? আট বছর আগে খুব কাছে গিয়েও ফিরতে হয়েছে আক্ষেপ সঙ্গী করেই, আজ আবারও বিশ্বকাপের শিরোপা লড়াইয়ে আরেকটি ফাইনালে মাঠে নামছে আর্জেন্টিনা। ব্রাজিলের মাটিতে স্বপ্নভঙ্গের বেদনার কারণ ছিলো জার্মানি, আজ প্রতিপক্ষ আরও এক ইউরোপীয়ান দেশ ফ্রান্স।

ফ্রান্সের সামনেও টানা দ্বিতীয় বিশ্বকাপ জয়ের হাতছানি, রাশিয়ার পর কাতারের মাটিতে এসেও বিশ্বকাপের ফাইনালে উঠে গেছে লেস ব্লুজরা। টানা দ্বিতীয় বিশ্বকাপ জয়ের পথে ফ্রান্সের বাধা এখন শুধু আর্জেন্টিনা। তবে ৩৬ বছরের শিরোপার আক্ষেপ ঘোচাতে ফাইনালের মঞ্চে ফরাসিদেরও ছেড়ে কথা বলবে না লিওনেল মেসির আর্জেন্টিনা।

লুসাইল আইকনিক স্টেডিয়ামে আজ রাতে বিশ্ব শ্রেষ্ঠত্বের লড়াইয়ে মুখোমুখি হচ্ছে বর্তমান চ্যাম্পিয়ন ফ্রান্স আর দুইবারের বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

২০১৪ ব্রাজিল বিশ্বকাপের পর এক আসর বাদে আলবিসেলেস্তারা আবারও উঠেছে বিশ্বকাপের শিরোপা লড়াইয়ের সবচেয়ে বড় মঞ্চে। আট বছরে আগের আক্ষেপ মেটাতে এবার প্রাণপণ চেষ্টা চালাবে মেসি বাহিনীও।

৩৬ বছরের আক্ষেপ মিটিয়ে বিশ্বকাপ জেতার অন্যতম দাবিদার হয়েই কাতারের মাটিতে পা রেখেছিলো লিওনেল মেসির আর্জেন্টিনা। তবে প্রথম ম্যাচেই সৌদি আরবের কাছে অপ্রত্যাশিত হারে শিরোপা

স্বপ্নে বড় এক ধাক্কা খায় আলবিসেলেস্তারা। সেই এক ধাক্কাতেই যেন ভোজবাজির মতো পাল্টে গেলো আর্জেন্টিনা। ওই এক হারের পরই বাকী সবগুলো ম্যাচে দুর্দান্ত ফুটবল উপহার দিয়ে বিশ্বকাপের ফাইনালেও উঠে গেছে আর্জেন্টাইনরা। গ্রুপ পর্বের পরের দুই ম্যাচ থেকে নক-আউট হয়ে কোয়ার্টার ফাইনাল বা সেমিফাইনাল, আর্জেন্টিনা ছিলো অপ্রতিরোধ্য।

ঠিক যেন স্বপ্নের মতো এক বিশ্বকাপ পার করেই ফাইনালে উঠেছে আর্জেন্টিনা, আর তার মূল কারিগর অধিনায়ক লিওনেল মেসি। প্রতিটি ম্যাচে মেসির দুর্দান্ত পারফরম্যান্সই যেন গড়ে দিচ্ছে ম্যাচের ফল। ক্যারিয়ারের শেষ বিশ্বকাপ, মেসি খেলছেনও যেন জানপ্রাণ দিয়েই। ক্যারিয়ারের গোধূলিলগ্নে এসেও যেন সেই চিরতরুণ মেসিকেই মনে করিয়ে দিচ্ছে আর্জেন্টাইন মহাতারকার মাঠের পারফরম্যান্স।

এদিকে, বিশ্বকাপের আগ থেকেই বিশ্বকাপ জয়ের জন্য অন্যতম ফেভারিট ধরা হচ্ছিলো ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ফ্রান্সকে। গ্রুপ পর্বে টানা দুই ম্যাচ জিতে নক-আউট নিশ্চিতও করে ফেভারিটের মতোই। তবে গ্রুপের শেষ ম্যাচে দলে পরীক্ষা-নিরীক্ষা চালাতে গিয়ে তিউনিসিয়ার কাছে হেরে বসে দিদিয়ের দ্যেশমের শিষ্যরা।

গ্রুপ পর্বের শেষ ম্যাচে হারলেও নক-আউট থেকে সেমিফাইনালে আবারও দেখা পাওয়া যায় অপ্রতিরোধ্য ফ্রান্সের। নিজেদের কাছে বিশ্বকাপের শিরোপা ধরে রাখতে প্রতি ম্যাচেই গতিময় আর দুর্দান্ত ফুটবল উপহার দিয়ে টানা দ্বিতীয় বিশ্বকাপের ফাইনালে উঠে এসেছে ফ্রান্স।

ফরাসিদের সামনে এখন ইতিহাসের হাতছানি। ইতালি আর ব্রাজিলের পর তৃতীয় দল হিসেবে টানা দুই বিশ্বকাপ শিরোপা জেতার সামনে দাঁড়িয়ে ফরাসিরা। ১৯৩৪ আর ১৯৩৮ সালে টানা দুই বিশ্বকাপের শিরোপা জিতেছিলো ইতালি। এরপর ১৯৫৮ আর ১৯৬২ সালে সেই কৃতিত্বের পুনারবৃত্তি ঘটায় পেলের ব্রাজিল। আবার ফ্রান্সের সামনে সুযোগ টানা দুই বিশ্বকাপ জয়ের সেই কৃতিত্বে নিজেদের নাম লেখানো।

আর্জেন্টাইনরা কি পারবে ৩৬ বছরের অপেক্ষার সমাপ্তি টানতে নাকি টানা দ্বিতীয় বিশ্বকাপ জিতে ইতালি আর ব্রাজিলের পাশে ইতিহাসের পাতায় নাম লেখাবে ফ্রান্স? এই প্রশ্নের উত্তর জানা যাবে আজ লুসাইলের ঐতিহাসিক ফাইনালে।